# স্বাস্থ্যসেবা প্রদান কার্যক্রমের প্রতিবেদন

পিএফডিএ ভোকেশনাল ট্রেনিং সেন্টার ট্রাস্ট (PFDA-VTC) স্নায়ুবিক প্রতিবন্ধিতা সম্পন্ন কিশোর-কিশোরীদের বয়ঃসন্ধিকালীন যৌন ও প্রজনন স্বাস্থ্য (SRHR) এবং মাসিক স্বাস্থ্য ব্যবস্থাপনা (MHM) বিষয়ে সচেতনতা বৃদ্ধি এবং সক্ষমতা উন্নয়নের লক্ষ্যে একটি বিশেষ স্বাস্থ্যসেবা কার্যক্রম আয়োজন করেছে।

০৪ সেপ্টেম্বর ২০২৫ তারিখে, পিএফডিএ-ভিটিসি'র শিক্ষার্থী ও শিক্ষকগণের জন্য ডায়াবেটিস, এন্ডোক্রাইন ও মেটাবলিক সমস্যা সংক্রান্ত স্বাস্থ্যসেবা ও পরামর্শ প্রদান করা হয়।
এদিন সকাল ৯:০০ টা থেকে শুরু হওয়া এই কার্যক্রমে উপস্থিত ছিলেন **ডাঃ আশরাফ জামিল**, প্রখ্যাত এন্ডোক্রাইনোলজি ও মেটাবলিক রোগ বিশেষজ্ঞ (অবসরপ্রাপ্ত, বারডেম)।

ডাঃ আশরাফ জামিল শিক্ষার্থী এবং শিক্ষকগণকে তাদের ডায়াবেটিস, এন্ডোক্রাইন বা মেটাবলিক সমস্যার জন্য প্রয়োজনীয় পরীক্ষা, ঔষধ ও পরামর্শ প্রদান করেন। মোট **২৮ জন শিক্ষার্থী** এবং **১৩ জন শিক্ষক** এই সেবা গ্রহণ করেন।



এই চিকিৎসা সেবা প্রতি মাসে নিয়মিতভাবে চালিয়ে যাওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন ডাঃ আশরাফ জামিল। আগামী মাস থেকে পিএফডিএ-ভিটিসি প্রতিষ্ঠানে সাপ্তাহিক স্বাস্থ্যসেবা কার্যক্রম চলমান থাকবে, যাতে শিক্ষার্থীরা এবং শিক্ষকরা সঠিক স্বাস্থ্যসেবা পেতে পারেন।পিএফডিএ ভিটিসি এই

উদ্যোগের মাধ্যমে স্নায়ুবিক প্রতিবন্ধী শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক স্বাস্থ্য সম্পর্কিত সচেতনতা বৃদ্ধি এবং তাদের সক্ষমতা উন্নয়ন করতে সক্ষম হয়েছে। ডাঃ আশরাফ জামিলের সহযোগিতায় এই স্বাস্থ্যসেবা কার্যক্রম শিক্ষার্থীদের সুস্থ জীবনযাপন নিশ্চিত করবে এবং আরও সফলভাবে আমাদের এই যাত্রা এগিয়ে নিয়ে যাবে।